**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক ফ্যাশন উইক চলাকালীন ফ্যাশন ইনোভেশন সেন্টারের জন্য 10 মিলিয়ন ডলার ঘোষণা করেছেন

***সেন্টারটি পরিধানযোগ্য প্রযুক্তি এবং ফ্যাশন শিল্পের ব্যবহারের জন্য নিউ ইয়র্ক স্টেটের টেক্সটাইলের স্থায়ী উন্নয়নকে সমর্থন করবে***

***আরও স্থায়ী একটি ভবিষ্যতের প্রতি নজর রেখে আপস্টেট কৃষি এবং ডাউনস্টেট ফ্যাশন ইন্ডাস্ট্রিগুলোকে সংযুক্ত করতে একটি বাস্তবিক কেন্দ্র গড়ে তুলবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ফ্যাশন ইনোভেশন সেন্টারের অর্থ সংস্থানের জন্য 10 মিলিয়ন ডলার ঘোষণা করেন, যা নিউ ইয়র্ক স্টেটের উৎপাদিত স্মার্ট ও স্থিতিশীল টেক্সটাইল ব্যবহার করার জন্য একটি যৌথ উদ্যোগমূলক অভিমুখের প্রচার করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট একটি কনসোর্টিয়াম-চালিত FIC উদ্ভাবন সামনে এগিয়ে নিয়ে যাবে, যা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি, ফার্ম, ফ্যাশন ইন্ডাস্ট্রির লিডার এবং অলাভজনক সংস্থাগুলোর থেকে অভিজ্ঞতা ব্যবহার করবে। FIC ফাইবার জাতীয় উপকরণের জন্য নিউ ইয়র্ক স্টেটের উৎপাদিত শস্য এবং ফ্যাশন ও টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে পরিধানযোগ্য প্রযুক্তির মাধ্যমে স্থায়িত্ব ও উদ্ভাবন সাধনকারী কালটিভেটিং প্রযুক্তি ব্যবহার করে ফ্যাশন ইন্ডাস্ট্রির প্রয়োজনীয়তাগুলোর সুরাহা করবে। এছাড়াও FIC স্মার্ট ও স্থিতিশীল বিকল্প সৃষ্টির প্রতি নজর রেখে একটি স্থিতিশীল ফ্যাশন ইনোভেশন সেন্টার এক্সিলারেটর অন্তর্ভুক্ত করবে যা বৃহৎ পরিসরে ইন্ডাস্ট্রির সমস্যা সমাধান করে, পরিবেশ সংরক্ষণমূলক উপযুক্ত কাজগুলো তৈরি করে, স্টেট-সোর্সজাত টেক্সটাইলের প্রচার করে এবং স্থিতিশীল ফ্যাশনের সমর্থন করে।

গভর্নর হোকল নিউ ইয়র্ক ফ্যাশন উইক চলাকালীন নতুন FIC-এর ঘোষণা করেছেন, যা 7ই সেপ্টেম্বর থেকে 14ই সেপ্টেম্বর পর্যন্ত চলছে। ইন্ডাস্ট্রি-বিস্তৃত ইভেন্টটির স্বীকৃতিতে, গভর্নর নিউ ইয়র্ক সিটির কোচ ফ্যাশন শোয়ে উপস্থিত ছিলেন।

"বিশ্বের ফ্যাশন ক্যাপিটল হিসাবে, এই সমৃদ্ধশীল ইন্ডাস্ট্রিকে আরও উদ্ভাবনী এবং আরও স্থিতিশীল করে তোলার উদ্দেশ্যে নিউ ইয়র্ক কাটিং-এডজ সলিউশনের জন্য সম্পূর্ণভাবে মানানসই," **গভর্নর হোকল বলেন।** "ফ্যাশন ইনোভেশন সেন্টারটি আমাদের পরিবেশগত পদাঙ্ক কমাতে, বর্জ্য সীমিত করতে এবং নিউ ইয়র্ক স্টেট ব্যাপী সুযোগ তৈরি করতে ফ্যাশন, কৃষি এবং অন্যান্য শিল্প জুড়ে যৌথ উদ্যোগের চেষ্টা চালাবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন,** "কৃষি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ আর ফ্যাশন ইন্ডাস্ট্রি আরও স্থিতিশীল একটি ভবিষ্যতের দিকে পা বাড়ানোয়, কৃষি ও ফ্যাশন শিল্পকে সংযুক্ত করার সুযোগকে আমাদের অবশ্যই কাজে লাগানোর লক্ষ্য রাখা উচিত, যেহেতু দুটোই আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য অত্যন্ত জরুরি। নতুন ফ্যাশন ইনোভেশন সেন্টারটি নিউ ইয়র্ক স্টেটকে স্থানীয়ভাবে উৎপাদিত টেকসই ফাইবারের প্রচারে, বর্ধিত চাকরির ক্ষেত্রে এক লিডার করে তুলবে এবং গভর্নর হোকলের দেশের-নেতৃস্থানীয় জলবায়ুর লক্ষ্য পূরণে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের এগ্রিকালচার কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "স্থানীয়ভাবে উৎপাদিত টেক্সটাইল এবং সেগুলো উৎপাদন করে যে কৃষকরা উভয়ই নিউ ইয়র্কের কৃষির একটি গুরুত্বপূর্ণ অংশ। আমরা এই বিষয়ে উৎসাহিত যে ফ্যাশন ইনোভেশন সেন্টারের নিউ ইয়র্ক স্টেটের কৃষক এবং উৎপাদকদের উৎপাদন করা ফাইবার এবং টেক্সটাইলের প্রচার পরিবেশগত স্থিতিশীলতার প্রতি নজর রেখে আমাদের স্টেটের অর্থনীতি এবং স্থানীয় কমিউনিটিগুলোকে সমর্থন করে - যা সবার জন্য ইউন-ইউন পরিস্থিতি।"

বিশ্বব্যাপী, ফ্যাশন এবং টেক্সটাইল শিল্প বার্ষিকভাবে 1.2 বিলিয়ন টন গ্রিনহাউস গ্যাস নির্গমনের অবদান রাখে - সমস্ত আন্তর্জাতিক বিমান এবং মেরিটাইম শিপিংকে একত্রিত করে যা হয় তার থেকেও বেশি। এর কারণ জীবাশ্মের জ্বালানীর উপর অত্যধিক নির্ভরতা, বিকেন্দ্রীভূত সাপ্লাই চেইন এবং অনুপযুক্তভাবে মেয়াদোত্তীর্ণ হওয়া পণ্যের নিষ্পত্তি। নতুন প্রযুক্তি এবং উপকরণ প্রক্রিয়াকরণের অভিমুখ আরও "স্মার্ট" এবং "স্থিতিশীল" ফ্যাশন সম্ভাবনার সুযোগ দেয়, এবং নিউ ইয়র্কের ফার্মগুলো বর্তমানে লিনেন, ফ্ল্যাক্স, তুলা এবং শণের মতো প্রয়োজনীয় কাঁচামাল উৎপাদন করছে যা সেই টেক্সটাইলে রূপান্তরিত করা যায় যা বৃহৎ পরিসরে এই সমস্ত অ্যাপ্লিকেশনে ব্যবহার করা যেতে পারে।

স্থিতিশীল টেক্সটাইল হল ভবিষ্যতের ফ্যাশন আর নিউ ইয়র্ক স্টেট এই সমস্ত উপকরণ পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনের পথ দেখানোর জন্য প্রস্তুত। স্মার্ট টেক্সটাইলগুলো হল একটি কাটিং-এডজ ইন্ডাস্ট্রি যার অ্যাথলিট থেকে শুরু করে ফার্স্ট রেসপন্ডার এবং মেডিকেল কর্মী পর্যন্ত অগুনতি পেশায় অ্যাপ্লিকেশন আছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ডিভিশন অফ সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন কনসোর্টিয়াম নির্বাচনের উদ্দেশ্যে দেওয়া প্রস্তাবগুলোর জন্য একটি অনুরোধ জারি করবে যা বিশ্ববিদ্যালয়, ব্যবসা, কৃষক, ফ্যাশন ইন্ডাস্ট্রির লিডার এবং অলাভজনক সংস্থাগুলোকে অন্তর্ভুক্ত করবে। FIC-এর মধ্যে থাকা এক্সিলারেটরটি এই ক্ষেত্রে আশাপ্রদ উন্নয়নের উদ্দেশ্যে কর্মরত প্রাথমিক-পর্যায়ের কোম্পানিগুলোকে জায়গা দেবে, যারা বাণিজ্যিকরণের বেশ কঠিক প্রার্থী এবং ইন্ডাস্ট্রির অংশীদারদের বাস্তবসম্মত সমস্যা সমাধান করে প্রতিদ্বন্দ্বী হয়ে উঠতে পারে।

FIC সেইসব প্রকল্পগুলোর উমেদারি, মূল্যায়ন এবং তদারকি করবে যা ইন্ডাস্ট্রির প্রতিবন্ধকতাগুলো সমাধানে এবং সুযোগগুলোর প্রতি নজর রাখে, সেইসাথে তাদের প্রাধান্য দেবে যারা নিউ ইয়র্ক স্টেটের শস্য এবং উপকরণের ইনপুট এবং ফ্যাশন ও টেক্সটাইল

ইন্ডাস্ট্রিতে স্থিতিশীলতা ত্বরান্বিত করতে কাল্টিভেটিং প্রযুক্তি ব্যবহার জড়িয়ে রাখছে। একটি প্রতিযোগীতামূলক প্রক্রিয়ার মাধ্যমে, FIC ইন্ডাস্ট্রির লিডার এবং ইনোভেশন ও সহায়ক প্রকল্পগুলোর মধ্যে একটি জটিল সংযোগের সুযোগ দিয়ে, নিউ ইয়র্ক স্টেটের ফ্যাশন ইন্ডাস্ট্রির ছোট ব্যবসাগুলোকে অর্থায়ন করবে, ইন্ডাস্ট্রির স্থিতিশীলতা উন্নত করাই যার লক্ষ্য।

**স্টেট সেনেটর মিশেল হিনচে বলেন,** "স্থিতিশীল টেক্সটাইল শুধুমাত্র ভবিষ্যতের ফ্যাশনই নয়, সাথে ক্রমবর্ধমান ফার্ম-টু-ফেব্রিক ইন্ডাস্ট্রির ভবিষ্যতও যা নিউ ইয়র্কের ক্ষুদ্র ফাইবার কৃষকরা ইতিমধ্যে এগিয়ে নিয়ে যাচ্ছে। নিউ ইয়র্ক ফ্যাশন উইকে এই আকর্ষণীয় নতুন ইনোভেশন সেন্টার দিয়ে এবং আমার বিল দ্য নিউ ইয়র্ক টেক্সটাইল অ্যাক্ট (S8741A) এর মতো ইন্ডাস্ট্রির তৈরি আইনে সমর্থন দিয়ে, আমরা ফেব্রিক প্রয়োজন হতে পারে এমন প্রত্যেক সেক্টরে ব্যবহারের জন্য নিউ ইয়র্ককে পরিবেশগতভাবে অনুকূল টেক্সটাইলের পাওয়ারহাউস উৎপাদক করে তুলতে পারি। নিউ ইয়র্কেই বেড়ে ওঠা টেক্সটাইল ইন্ডাস্ট্রির মান বাড়ালে তা আমাদের অর্থনীতির জন্য এবং জলবায়ুর সংকটের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের জন্য একটি স্পষ্ট চক্র তৈরি করবে এবং আমি গভর্নর হোকলকে আরও স্থিতিশীল একটি ভবিষ্যত গড়ে তোলার লক্ষ্যে তার অংশীদারীত্বের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বির সদস্য কেরি ওয়েনার্র বলেন,** "আমি টেক্সটাইল আইনে থাকা এই উপাদান ফলপ্রদ হতে দেখে অত্যন্ত খুশি। সৃজনশীলতা এবং প্রযুক্তির ফিউশনে এবং ফাইবার ও ফ্যাশনের ইন্টারসেকশনে অনেক সম্ভাবনা উপস্থিত রয়েছে। কৃষক, উদ্ভাবক এবং ফ্যাশন পরিকাঠামো সহ এই প্রকল্পটির প্রতিটি দিকে নিউ ইয়র্কের সংস্থান আছে। আমাকে সত্যিই গভর্নর হোকলের ফ্যাশন ইনোভেশন সেন্টার প্রতিষ্ঠানটির প্রশংসা করতেই হচ্ছে।"

**অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন,** "আমরা শণ এবং পশুজাত ফাইবার থেকে উৎপাদিত NY-এর উদিত টেক্সটাইলের সম্ভাবনা মূল্যায়নের জন্য কিছু সময় ধরে কাজ করেছি। এই ইন্ডাস্ট্রির মুখোমুখি হওয়া অনেক প্রতিবন্ধকতার সমাধানের প্রকৃত প্রয়োজনীয়তা সহ আসলে এই ইন্ডাস্ট্রি কত সংখ্যক সুযোগ দিতে পারে সেটাই হল আসল রোমাঞ্চের বিষয়। আমি গভর্নরকে এবং আমার সহকর্মীদের আগ্রহ এবং এই নতুন সেন্টারটির প্রতি তাদের অঙ্গীকারের জন্য তাদের ধন্যবাদ জানাতে চাই। এবং বিশেষভাবে অ্যাসেম্বির সদস্য ক্যারি ওয়েনার্রকে, যিনি আমাদের অ্যাসেম্বলি এগ্রিকালচার কমিটির "ফার্ম টু ফ্যাশন"-এর দৃঢ় প্রবক্তা।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক উন্নয়ন এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I LOVE NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান

প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর উপর আরো তথ্যের জন্য, দেখুন: www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov.

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418